দৈনিক ইনকিলাব

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ... 05 NOV. 1988 ...
পৃষ্ঠা ... 5 ... কলাম ... 7 ...

১০

199

## শুধু ধর্ম শিক্ষা বিষয়ের পরীক্ষা হয়নি

সম্প্রতি রাজধানীর লালবাগ থানাধীন লালবাগ ১নং সরকারী প্রাথমিক বিদ্যালয়ে দ্বিতীয় সাময়িক পরীক্ষা সম্পন্ন হয়ে গেলো। যদিও অভিভাবকদের অনেকের ধারণা ছিল—স্মরণকালের বন্যার কারণে পরীক্ষা পিছিয়ে যাবে। কিন্তু উল্লেখিত বিদ্যালয় খোলার দু'দিন অতিবাহিত হতে না হতেই পরীক্ষা নেয়া হলো। আমরা জানি এবারকার ভয়াবহ বন্যায় ভীষণ ক্ষতি হয়েছে, অনেক ছাত্র-ছাত্রী বই-পত্র পর্যন্ত খোয়া গেছে। পরীক্ষা নেয়া হয়েছে ভাল কথা, কিন্তু সব বিষয়ে পরীক্ষা নেয়া হলেও শুধু মাত্র ধর্ম শিক্ষা বিষয়টি বাদ দেয়া হয়েছে। সুতরাং আমাদের জিজ্ঞাসা ধর্মীয় বিষয়টি বাদ দেয়ার পেছনে যুক্তি কি?

—আহমদ আলী,
লালবাগ, ঢাকা।

## বি. এ. পরীক্ষার রুটিন প্রসঙ্গে

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সময়মত বি. এ. পরীক্ষা নিচ্ছেন এজন্য আমরা আনন্দিত। কিন্তু রুটিন যেভাবে করা হয়েছে তা আমাদের বিস্মিত করেছে। ২৪.১১.৮৮ ইং তারিখে বাংলা পরীক্ষার একদিন পর রাজনীতি বিজ্ঞান ১ম, ২য় ও ৩য় পত্র দেয়া হয়েছে। তার পর আবার অর্থনীতি নেয়া হবে। এখন যাদের এই তিনটা বিষয়ই আছে তাদের পক্ষে প্রতিদিন এই বিয়সমূহ নিয়মিত পরীক্ষা দেয়া যে কি পরিমাণ কষ্টকর তা সহজেই অনুমেয়। তাই প্রতিটি বিষয়ে এভাবে বিরতিহীনভাবে পরীক্ষা না দিয়ে প্রত্যেকটি বিষয়ের পরীক্ষার মাঝে কমপক্ষে দু'দিন বিরতি দিলে আমরা সুন্দর করে পরীক্ষা দিতে পারবো। পরিশেষে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে আমাদের আবেদন, বিষয়টি বিবেচনা করে এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হোক।

—শারমীন রহমান,
শামসুন্নাহার (শিলা) ও
জাহানারা বেগম,
সিলেট সরকারী মহিলা
কলেজ, সিলেট।